

📃 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০: ৫৬

আরবি মূল আয়াত:

هُوَ يُحى وَ يُمِيتُ وَ إِلَيهِ تُرجَعُونَ ﴿ ٥٤ ﴾

🗚 অনুবাদসমূহ:

তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান এবং তাঁর কাছেই তোমাদের প্রত্যাবর্তন হবে। — আল-বায়ান তিনি জীবন দান করেন, তিনিই মৃত্যু দেন, আর তাঁর দিকেই তোমরা ফিরে যাবে। — তাইসিরুল তিনিই জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান, আর তোমরা সবাই তাঁরই কাছে প্রত্যাবর্তিত হবে। — মুজিবুর রহমান

He gives life and causes death, and to Him you will be returned — Sahih International

৫৬. তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান এবং তারই কাছে তোমাদেরকে প্রত্যাবর্তন করানো হবে।

তাফসীরে জাকারিয়া

(৫৬) তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান, আর তোমরা সবাই তাঁরই কাছে প্রত্যাবর্তিত হবে।[1]

[1] উক্ত আয়াতে আকাশ ও পৃথিবীর সকল বস্তুর উপর আল্লাহর পূর্ণ মালিকানা, আল্লাহর ওয়াদার সত্যতা, জীবন ও মরণ তাঁর ইচ্ছায় সংঘটন এবং তাঁর দরবারে সকলের উপস্থিতির বর্ণনা আছে। যার উদ্দেশ্য পূর্বোক্ত আলোচনাকে পরিষ্ণুটিত ও সমর্থন করা। আর তা এই যে, যে সন্তা এত বিশাল ক্ষমতার অধিকারী, তাঁর পাকড়াও থেকে রক্ষা পেয়ে মানুষ কোথায় যেতে পারে? এবং হিসাব-নিকাশ নেওয়ার জন্য তিনি যে একটি দিন নির্ধারিত করে রেখেছেন, সে দিন থেকে কে রেহাই পাবে? আল্লাহর ওয়াদা অবশ্যই সত্য, কিয়ামত অবশ্যই অনুষ্ঠিত হবে এবং সকল ভাল ও মন্দ লোকদেরকে তাদের নিজ নিজ কর্ম অনুযায়ী প্রতিদান ও প্রতিফল দেওয়া হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1420

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন